

রাষ্ট্রায়ত্ত্ব উড়োজাহাজ সংস্থার শেয়ার বিক্রি করে দিতে চায় কলম্বো

- A Monitor Desk Report

Date: 06 November, 2023



অর্থনৈতিক সংকটে বিপর্যস্ত শ্রীলঙ্কার রাষ্ট্রায়ত্ত্ব উড়োজাহাজ পরিষেবা সংস্থা শ্রীলঙ্কান এয়ারলাইন্স কিনে নিতে আগ্রহ প্রকাশ করেছে বিভিন্ন ভারতীয় কোম্পানি। সংস্থাটির কর্তৃপক্ষ নিজেই নিশ্চিত করেছে এ তথ্য।

শ্রীলঙ্কান এয়ারলাইন্সের মহাপরিচালক সুরেশ শাহ ভারতীয় একটি দৈনিককে বলেন, ‘ভারতসহ বিভিন্ন দেশের এভিয়েশন ও নন এভিয়েশন কোম্পানি এরই মধ্যে সংস্থাটি কেনার আগ্রহ জানিয়েছে।’

আরও পড়ুন: [বিমানের পাওনা থাকা অনেক ট্রাভেল এজেন্সির অস্তিত্ব নেই - মাহবুব আলী](#)

সুরেশ জানান, বর্তমানে শ্রীলঙ্কার সরকারের হাতে এই পরিষেবা সংস্থার ৯৯ শতাংশ শেয়ার রয়েছে এবং আগামী বছর জুনের মধ্যে এসব শেয়ার বিক্রি করে দিতে চায় কলম্বো। গত সেপ্টেম্বরে ভারত ও শ্রীলঙ্কার বিভিন্ন সংবাদমাধ্যম তাদের প্রতিবেদনে জানিয়েছিল, ভারতের টাটা সপ্স, আদানি গ্রুপ এবং ইন্ডিগো এয়ারলাইন্সের মালিক ইন্টারগ্লোব এন্টারপ্রাইস শ্রীলঙ্কার এয়ারলাইন্স কিনে নেওয়ার আগ্রহ প্রকাশ করেছে।

সুরেশ শাহের মন্তব্যের পর এ ব্যাপারে বিস্তারিত জানতে এই তিন কোম্পানির সঙ্গে যোগাযোগ করেছিল পত্রিকাটি। তবে টাটা গ্রুপের উড়োজাহাজ পরিষেবা সংস্থা এয়ার ইন্ডিয়া ও আদানি গ্রুপ উভয়েই জানিয়েছে, এই মুহূর্তে তারা শ্রীলঙ্কান এয়ারলাইন্সের ব্যাপারে আগ্রহী নয়। আর ইন্টারগ্লোব ইন্টারপ্রাইস কোনো মন্তব্য করতে রাজি হয়নি। তবে ভারতীয় একাধিক কোম্পানি এ ব্যাপারে কোনো নিশ্চিত তথ্য না দিলেও শ্রীলঙ্কার সরকার এরই মধ্যে নিজেদের উড়োজাহাজ সংস্থার শেয়ার বিক্রির ব্যাপারটি নিয়ে প্রচার-প্রচারণা শুরু করেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে এ সংক্রান্ত টিজারও প্রকাশ করেছে শ্রীলঙ্কান এয়ারলাইন্স।

সেই টিজারের মূল বক্তব্য হলো, উড়োজাহাজ পরিষেবার বাজারে ভারত তৃতীয় বৃহত্তম দেশ এবং যদি ভারতীয় কোনো কোম্পানি শ্রীলঙ্কান এয়ারলাইন্স কিনে নেয়, সেক্ষেত্রে শ্রীলঙ্কাও সেই বাজারে প্রবেশাধিকার পাবে।

শ্রীলঙ্কান এয়ারলাইন্সের মালিকানায় মোট ২৩টি এয়ারবাস রয়েছে এবং মোট ৩৯ আন্তর্জাতিক গন্তব্যে ফ্লাইট পরিচালনা করে এই সংস্থা। দক্ষিণ এশিয়ার দ্বীপরাষ্ট্র শ্রীলঙ্কার অর্থনীতি প্রধানত পর্যটননির্ভর এবং আরো সুনির্দিষ্টভাবে বলতে গেলে, ভারতীয় পর্যটকনির্ভর।

-B